

আলী হায়দার | ঢাকা | 11 May, 2025

কিশোরগঞ্জের করিমগঞ্জে হাদিস মিয়া নামের এক যুবক বজ্রপাতে নিহত হয়েছেন। রোববার (১১ মে) বিকেলে উপজেলার সুতারপাড়া ইউনিয়নের সাগুলি গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত হাদিস মিয়া (৩২) উপজেলার সুতারপাড়া ইউনিয়নের সাগুলি গ্রামের মাজু মিয়ার ছেলে। তিনি পেশায় একজন কৃষক ছিলেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, রোববার বিকেলে নিজ বাড়ির পেছনে বেড়া ঠিক করতে গিয়েছিলেন হাদিস মিয়া। হালকা বৃষ্টি উপেক্ষা করেই তিনি কাজটি করছিলেন। হঠাৎ বিকট শব্দে বজ্রপাত হলে তাৎক্ষণিক মৃত্যুর কোলে ঢলে পড়েন হাদিস মিয়া।

সুতারপাড়া ইউনিয়ন বিএনপির সভাপতি ফজলুর রহমান জানান, নিহত হাদিস মিয়া আমার ভাতিজী-জামাই। সে খুবই কর্মঠ মানুষ ছিলো। সংসার জীবনে তিনি দুই ছেলে ও এক মেয়ে সন্তানের জনক।

করিমগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ মাহবুব মুর্শেদ বজ্রপাতে নিহতের ঘটনাটি নিশ্চিত করেছেন।

বজ্রপাত কৃষক মৃত্যু

URL: <https://www.timestodaybd.com/dhaka/1531722333>